সমকাল

তারিখ 15 JUL 2017
পৃষ্ঠা ৫ কলাম ৬

গাজীপুর মেডিকেল কলেজ

# শিক্ষকের বিরুদ্ধে কারখানায় চাকরি করার অভিযোগ

■ কালিয়াকৈর (গাজীপুর) প্রতিনিধি

গাজীপুর শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজের এক শিক্ষকের বিরুদ্ধে নিয়ম ভেঙে কালিয়াকৈর উপজেলার চন্দ্রা এলাকায় একটি পোশাক কারখানায় চাকরি করার অভিযোগ পাওয়া গেছে। অভিযুক্ত হলেন ডা. শাকিল আহমেদ নাহিদ। তিনি গাজীপুর শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজের শিক্ষক।

কারখানা কর্তৃপক্ষ সূত্রে জানা গেছে, কালিয়াকৈর উপজেলার নায়াগ্রা টেক্সটাইল কারখানার মেডিকেল অফিসার হিসেবে দীর্ঘদিন ধরে চাকরি করছেন চিকিৎসক শাকিল আহমেদ। তিনি প্রতি সপ্তাহের সোম ও বৃহস্পতিবার সকাল থেকে বিকেল পর্যন্ত ওই কারখানায় দায়িত্ব পালন করে থাকেন। তিনি সপ্তাহের ওই দুই দিন মেডিকেল কলেজের শিক্ষার্থীদের ক্লাস না করিয়ে পোশাক কারখানায় চাকরি করে যাচ্ছেন।

এ ব্যাপারে ডা. শাকিল আহমেদ নাহিদ চাকরি করার কথা স্বীকার করে বলেন, ওই চাকরি কিছুদিন আগে তিনি ছেড়ে দিয়েছেন। গাজীপুর শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজের অধ্যক্ষ ডা. আসাদ হোসেন জানান, ওই চিকিৎসকের বিষয়টি তারা তদন্ত করে ব্যবস্থা নেবেন।